W.B.P.Form No. 27

# FIRST INFORMATION REPORT

First Information of a cognizable crime reported under section154 Cr. P. C. at P.S.

1. Dist. Purba MDP Sub-Divn. Contai P.S. Contai Year 2017 FIR NO. 110 Date. 16.4.17
2. i) Act I.P.C Section 306 IPC ii) Act ........ Sections ........
2. ii) Act ........ Section ........ iv) Other Act & Sections ........
3. a) General Diary Reference : Entry No. 696 Time 11:05 hrs
   b) Occarrence of Offence : Day Monday Date 13/2/17 Time 21:30 hrs to 22:00 hrs.
   c) Information received Date 16.4.17 Time 11:05 hrs
   G. D. No. 696 at the Police Station : Contai
4. Type of Information. Written / Oral written court complt MP Case no 60/17.
5. Place of Occurrence a) Direction and Distrance from P. S. East Side 04 km from P.S.
   b) Address Khargaboni, J.L No- 478. Block-D. PS- Contai, Chalti G.P Dist- Purba MDP.
   c) In cash outside limit of this Police Station, then the name of P.S. ........
   District ........
6. Complaint /Informant :
   a) Name Kumari Sritama Panda
   b) Father's / Husband's Name D/O. Lt Tanmoy Panda.
   c) Date/Year of Birth not noted
   d) Nationality Indian
   e) Address Vill- Khargaboni, P.O- Darua, PS- Contai, Dist- Purba MDP.
7. Detaiuls Known/Suspected/Unknown/Accused with full particulars Chinmoy Panda (43) S/O. Lt Chittaranjan of Khargaboni. Po- Darua, PS- Contai Dist- Purba MDP.
   (Attach separate sheet, if necessary)
8. Reasons for dealy in reporting by the Complaint/Informant ........
9. Particular of properties stolen / involved : (Attach separete sheet, if required) : ........
10. Total value of Properties stolen / involved : ........
11. Inquest report / U.D. : Case No. if any : ........
12. FIR Contents : (Attach separate sheets, if required) : The original written complt which is treated as FIR is attached here with.

13. Action taken : Since the above report reveals commission of offence (s) u/s 306 IPC

register the case and took up the investigation/directed SI. T. K. Padra. ........ to take up the investigation transferred to P. S. ........ on point of jurisdiction FIR read over to the Complainant /informant, admitted to be correctly recorded and given to the Complainant/Informant free of cost.

Partha Biswas
SI of Contai PS
16/4/17.

[signature] 16.4.17

Signature of the Office-in-charge, Police Station with

Name PARTHA BISWAS

Rank SI OF CONTAI PS

Number, if any 16/4/17

Inspector-in-charge
Contai Police Station
Kanthi, Purba Medinipur

Court- complaint.

Signature / Thumb Impression of the Complainant /Informant

M.P. 60/17
09-4-17
তাং 17-5-17

– 3 APR 2017 – In the Court of ... Magistrate, Contai

Dist.- Purba Medinipur

In the Court of Ld. A.C.J.M. at Contai

CONTAI POLICE STATION • PURBA MEDINIPUR

Petition U/s- 156(3) Cr.P.C.

| বাদী | আসামী | স্বাক্ষীগন |
|---|---|---|
| কুমারী শ্রীতমা পন্ডা (২১) | শ্রী চিন্ময় পন্ডা (৪৩) | ১। কুমারী শ্রীময়ী পন্ডা |
| পিতা- ৺তন্ময় পন্ডা | পিতা- ৺চিত্তরঞ্জন পন্ডা | পিতা- ৺তন্ময় পন্ডা |
| সাং- খাগড়াবনী | সাং- খাগড়াবনী | ২। শ্রীমত্যা মৌমিতা পন্ডা |
| পোঃ- দারুয়া | পোঃ- দারুয়া | স্বামী- ৺তন্ময় পন্ডা |
| থানা- কাঁথি | থানা- কাঁথি | সর্ব্ব সাং- খাগড়াবনী |
| জেলা- পূর্ব মেদিনীপুর। | জেলা- পূর্ব মেদিনীপুর। | ৩। শ্রী মুক্তেশ্বর মিশ্র |
| | | পিতা- ৺নিরঞ্জন মিশ্র |
| | | সাং- কাপাসদা |
| | | ৪। শ্রী ননীগোপাল মিশ্র |
| ঘটনার তারিখ- ইং- ১৩/০২/২০১৭ | | পিতা- ৺পুরঞ্জন মিশ্র |
| বাংলা- ১লা ফাল্গুন ১৪২৩ সোমবার | | সাং- জালালখাবাড় |
| | | ৫। শ্রী অঞ্জন ত্রিপাঠী |
| | | পিতা- ৺শ্রীরঞ্জন ত্রিপাঠি |
| | | সাং- কুন্ডরপুর (রামকৃষ্ণ পল্লী) |
| ভাঃ দঃ বিঃ আইনের | | ৬। শ্রী ননীগোপাল কর |
| | | পিতা- ৺কালিপদ কর |
| | | সাং- উত্তর বহলিয়া |
| | | ৭। শ্রী তারাশঙ্কর কর |
| | | পিতা- ৺কালিপদ কর |
| | | সাং- উত্তর দারুয়া |
| | | ৮। শ্রী তপন কুমার কর |
| | | পিতা- ৺কালিপদ কর |
| | | সাং- মনোহরচক |
| | | সকলের থানা- কাঁথি |
| | | জেলা- পূর্ব মেদিনীপুর। |
| | | ৯। কাঁথি সদর হাসপাতালের ডাক্তার বাবু |
| | | ১০। কাঁথি থানার দারোগাবাবু ও আরও অনেকে। |

Sd/-
A. C. J. M.
Contai

Received on 16/4/17 at 11 o'clock & started Contai PS Case no 110/17 dt 16/4/17 u/s- 306 I.P.C.
Sd/- 16/4/17

বিবরন এই যে,

অধীনা বর্তমানে B.A. (Honours) প্রথম বর্ষের ছাত্রী হইতেছে। এবং

অধীনা শান্তিনিকেতনস্থিত বিশ্বভারতীতে অধ্যায়ন করিতেছি ও আসামী অধীনার কাকা হইতেছে। অধীনার পিতা মাতার অদ্য হইতে প্রায় ২২ বৎসর পূর্বে বিবাহ হইবার পর অধীনার মাতা অধীনার পিতার যৌথ সংসারে আসিয়া বসবাস করিবার পর পরবর্তীকালে অধীনা এবং অধীনার কনিষ্ঠা ভগিনী ১নং সাক্ষী জন্মগ্রহন করিয়াছে।

অধীনা এবং অধীনার ভগিনী বড় হইবার পর অর্থাৎ জ্ঞান পড়িবার পর হইতেই অধীনার পিতা, অধীনার কাকা অর্থাৎ আসামী এবং অধীনার পিতামহী অধীনার মাতার উপর কন্যা সন্তান জন্ম দিবার কারনে ও যৌতুকাদি সহ বিভিন্ন কারনে ধারাবাহিকভাবে দৈহিক ও মানসিক নির্যাতন করিত। কিন্তু অধীনার মাতা তাহার নিজ ও অধীনা এবং অধীনার ভগিনীর ভবিষ্যত চিন্তা করিয়া সমূহ অত্যাচার সহ্য করিবার পর, পরবর্তীকালে অধীনার মাতা, আসামী, অধীনার পিতা ও পিতামহীর বিরুদ্ধে বধু নির্যাতন মোকর্দ্দমা উত্থাপন করিয়াছিল।

উক্ত মোকর্দ্দমায় কাঁথি থানার পুলিশ অফিসার অধীনার পিতা, কাকা, পিতামহীর বিরুদ্ধে ভাঃ দঃ বিঃ আইনের ৪৯৮(এ)/৩২৩/৩৪ ধারা মতে Charge Sheet প্রদান করিয়াছে এবং উক্ত মোকর্দ্দমা G.R. 1675/2015 নং মোকর্দ্দমা মূলে মাননীয় আদালতে বিচারাধীন রহিয়াছে।

SEEN
A. C. J. M.
Contai.

তৎপরে অধীনার মাতা এবং পিতার মধ্যে সমস্ত ভুল বুঝাবুঝির অবসান হইয়া অধীনাকে অধীনার মাতা, ভগিনী সকলকে লইয়া পৃথকভাবে সুখে শান্তিতে বসবাস শুরু করিয়াছিল এবং অধীনার মাতা ভগিনী এবং অধীনাকে লইয়া অধীনার পিতা বিভিন্ন স্থানে একাধিকবার বেড়াইতে লইয়া গিয়াছিল।

অধীনার পিতা মাতা একসাথে বসবাস করিবার পর হইতেই আসামী অধীনার পিতার উপর আক্রোশান্বিত হইয়া অধীনার মাতার নামিত কতক সম্পত্তি এবং পৈতৃক সম্পত্তি সমূহ অধীনার পিতাকে আসামীর নাম বরাবর করিয়া দিতে বলিলে এবং অধীনার পিতা ইহাতে সম্মত না হইলে আসামী কখনও ফোনে কখনও স্বাক্ষাতে কখনও অধীনার সম্মুখে অধীনার পিতাকে স্ত্রৈণ, মাতার চাকর ইত্যাদি বলিয়া গলায় দড়ি লাগাইয়া বা বিষপান করিয়া আত্মহত্যা করিবার জন্য প্রায়ই প্ররোচনা দিত।

অধীনা গত ইং- ২৭/০১/২০১৭ তারিখে সকাল বেলা গৃহ হইতে শান্তিনিকেতনস্থিত বিশ্বভারতীতে যাইবার সময়ে সকালে অধীনার পিতাকে বিষন্ন দেখিয়া জিজ্ঞাসাবাদ করিলে অধীনার পিতা তার পূর্বের দিন রাত্রিবেলা অধীনার কাকা অর্থাৎ আসামী সম্পত্তি লইয়া এবং অধীনার মাতার সহিত পিতা ঘর সংসার সুখে শান্তিতে অতিবাহিত করিবার কারনে অধীনার পিতাকে গলায় দড়ি লাগাইয়া বা বিষ খাইয়া আত্মহত্যা করিবার জন্য প্ররোচনা দিয়াছিল বলিয়া অধীনার নিকট প্রকাশ করিয়াছিল।

পর পৃষ্ঠা-৩

উক্ত আসামী ধারাবাহিকভাবে অধীনার পিতাকে উপরোক্ত কারনে মরিয়া যাইবার জন্য প্ররোচনা দিত। অধীনা উক্ত বিষয়ে অধীনার পিতা মাতার নিকট হইতে ফোন মারফৎ অবগত হইয়াছি।

গত ইং- ১৩/০২/২০১৭ তারিখে রাত্রি বেলা অধীনার পিতাকে আসামী উপরোক্ত কারনে পুনরায় ফোন মারফৎ বারংবার অশ্লীল ও অকথ্য ভাষায় গালাগাল করতঃ মরিয়া যাইবার প্ররোচনা দেওয়ায় অধীনার পিতা উক্ত দিনে রাত্রি আনুমানিক ৯.৩০ - ১০টা নাগাদ নিজের ঘরে গলায় দড়ি দিয়া আত্মহত্যা করিতে বাধ্য হইয়াছে। আত্মহত্যার পূর্বে অধীনা পিতার ফোন মারফৎ উপরোক্ত সকল বিষয়ে অবগত হইয়াছি। ১, ৩, ৪, ৫, ৬, ৭ ও ৮নং স্বাক্ষীগন ও উপরোক্ত বিষয়ে অধীনার মাতার নিকট হইতে অবগত হইয়াছে।

অধীনার মাতা মৃত্যুর পূর্বে আসামীর সহিত পিতার ফোনের কথোপোকথন শুনিয়াছে।

SEEN
A. C. J. M.
Contai.

অধীনার পিতার মৃত্যুর জন্য আসামী সম্পূর্নভাবে দায়ী হইতেছে।

অধীনার পিতার দেহের ময়নাতদন্ত হইয়াছে। সাক্ষীগন ঘটনার বিষয়ে অবগত রহিয়াছে। অধীনার পিতার মৃত্যুর কারনে মানসিকভাবে বিপর্যাস্ত থাকিবার জন্য এবং বিশ্বভারতীতে অধীনার পরীক্ষার কার্যো ব্যস্ত থাকায় উক্ত অভিযোগপত্র বিলম্ব করিয়া কাঁথি থানায় জানাইতে গেলে কাঁথি থানার দারোগাবাবু মাননীয় আদালতের আশ্রয় লইবার পরামর্শ দেওয়ায় অধীনা প্রথমতঃ রেজিষ্ট্রী ডাকযোগে কাঁথি থানায় ও পরে S.P. Purba Medinipur কে অভিযোগ জানাইয়াছি।

বিস্তারিত বিবরন তদন্ত কালে প্রকাশ পাইবে।

প্রার্থনা যে, অধীনা অত্র অভিযোগ ফৌঃ কাঃ বিঃ আইনের ১৫৬(৩) ধারা মতে F.I.R. Treat করতঃ কাঁথি থানার দারোগাবাবুকে মোকর্দ্দমা রুজু করিয়া তদন্ত করিবার বিহীত আদেশ দানে সুবিচার করিতে আজ্ঞা হয়। নিবেদন ইতি তাং- [illegible]

টাইপ কারক
[signature]
সাং- পূর্ব কুমারপুর, পোঃ ও থানা- কাঁথি
জেলা- পূর্ব মেদিনীপুর